**Best Start Kindergarten Assessment**
**Information for parents and carers**

# বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন পরীক্ষণ প্রক্রিয়া
## পিতা-মাতা ও অভিভাবকদের জন্য তথ্যাবলী

প্রিয় পিতা-মাতা এবং অভিভাবকবৃন্দ,

দ্যা বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন পরীক্ষণ প্রক্রিয়া আমাদের স্কুলে টার্ম 1, এর সময় অনুষ্ঠিত হবে।

দ্যা বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন পরীক্ষণ প্রক্রিয়া একটি স্টেট (বা প্রদেশ) ভিত্তিক  পরীক্ষা যার মাধ্যমে কিন্ডারগার্টেন শুরু হওয়ার আগেই শিক্ষকরা প্রতিটি ছাত্রের স্বাক্ষরতা এবং সংখ্যাসূচক দক্ষতা বুঝতে পারে। প্রতিটি শিশুকে তার প্রয়োজন অনুযায়ী সর্বোত্তম শিক্ষা দেয়ার জন্য শিক্ষকদের পরিকল্পনা করতে এই পরীক্ষণ প্রক্রিয়া সহায়তা করে।

শিশুরা বিভিন্ন ধরনের অভিজ্ঞতা, দক্ষতা এবং সক্ষমতা নিয়ে  স্কুলে আসে। কেউ কেউ বই-এর সাথে পরিচিত, কেউ বর্ণমালার অক্ষর চিনতে পারে অথবা তার নাম লিখতে পারে বা দশ পর্যন্ত গুনতে পারে, যেখানে অন্যরা এ সকল কাজ এখনও শিখতে পারেনি।

দ্যা বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন পরীক্ষণ প্রক্রিয়া শিক্ষকদের প্রতিটি শিশুর সাথে আলাদাভাবে বসে তারা কি কি করতে পারে তা বোঝার সুযোগ করে দেয়।

এই পরীক্ষণ প্রক্রিয়া কোন পরীক্ষা নয় কিন্তু শিক্ষকদের প্রয়োজনীয় তথ্যাবলী প্রদান করে যা আপনার শিশুর স্কুলে শিক্ষা গ্রহনে সহায়ক হয়। যদি আপনি এই পরীক্ষণ প্রক্রিয়ায় অংশগ্রহন থেকে আপনার শিশুকে বিরত রাখতে চান, তাহলে অনুগ্রহপূর্বক স্কুলে যোগাযোগ করুন।

সংযুক্ত তথ্য পাতায় দ্যা বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন পরীক্ষণ প্রক্রিয়া সম্পর্কিত বিস্তারিত তথ্যাবলী রয়েছে।

দ্যা বেস্ট স্টার্ট কিন্ডারগার্টেন পরীক্ষণ প্রক্রিয়া সম্পর্কে আপনার কোন প্রশ্ন থাকলে অনুগ্রহপূর্বক স্কুলে যোগাযোগ করুন।

## টেলিফোন দোভাষী সার্ভিস

স্কুলে যোগাযোগের জন্য যদি আপনার একজন দোভাষীর সহায়তার দরকার হয়, অনুগ্রহপূর্বক টেলিফোন দোভাষী সার্ভিসে 131 450  নম্বরে কল করুন এবং আপনার ভাষায় দোভাষী সার্ভিসের জন্য অনুরোধ করুন। দোভাষী স্কুলে ফোন করবে এবং আপনাকে কথাবার্তায় সহায়তা করার জন্য লাইনে থাকবে। এই সার্ভিস আপনি বিনামূল্যে পাবেন।

অধ্যক্ষ